

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহাপরিচালকের কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
যুব ভবন
১০৮, মতিঝিল বা/এ, ঢাকা -১০০০।
www.dyd.gov.bd

নং- ৩৪.০১.০০০০.০৪৩.০৬.০১৫.২১-১৪

তারিখ : ২৫/০১/২০২৩ খ্রি.

বিষয় : “যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প” এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনায় সার্বিক সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশে পরিবহন খাতে দুর্ঘটনা রোধে দক্ষ গাড়িচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতায় ৪০টি জেলার মাধ্যমে ৬৪টি জেলার বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ কোর্সের মাধ্যমে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য যুব উন্নয়ন অধিদপ্তরের উপপরিচালক, কো-অর্ডিনেটর ও ডেপুটি কো-অর্ডিনেটরগণের প্রতি নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো :

- ১। (ক) প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রম চলাকালীন কোনোক্রমেই প্রশিক্ষণের জন্য সরবরাহকৃত দুটি গাড়ির (১টি ম্যানুয়াল গিয়ার ও ১টি অটো গিয়ার) কোনটিই বন্ধ রাখা যাবে না। গাড়িতে ত্রুটি দেখা দিলে তাৎক্ষণিক মেরামতের পদক্ষেপ নিতে হবে। গাড়ি মেরামতের সময় প্রকল্পের একজন মেকানিক-কে বাধ্যতামূলক সংযুক্ত রাখতে হবে। গাড়ি মেরামতের জন্য পর্যাপ্ত অর্থ বরাদ্দ দেওয়া আছে।
(খ) প্রকল্পের আওতাধীন জেলাসমূহে সরবরাহকৃত অটোগিয়ার কার ও ম্যানুয়াল গিয়ার গাড়ি সড়ক/মহাসড়কে (মেরামতের জন্য বহন ব্যতীত) উঠানো যাবে না। প্রশিক্ষণ কার্যক্রম ব্যতীত অন্য কোনো কাজে (ব্যক্তিগত কাজে) প্রশিক্ষণ গাড়ি ব্যবহার কর যাবে না।
- ২। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে দুটি গাড়ির (অটোগিয়ার ও ম্যানুয়াল গিয়ার) প্রতিটিতে ০৭ মিনিট হিসাবে মোট ১৪ মিনিট করে গাড়িচালনার সুযোগ দিতে হবে। এবিষয়ে কোন গাফিলতি মেনে নেয়া হবে না।
- ৩। সরকারি অফিস টাইম যাই থাকুক না কেন শূক্রবার ও সরকারি ছুটির দিন বাদে প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চালাতে হবে। দুপুর ১.০০টা-১:৩০টা পর্যন্ত মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি থাকবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সমান সুযোগ দিয়ে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস এবং যানবাহন চালনার সেশন পরিচালনা করতে হবে।
- ৪। প্রকল্পের প্রতিটি গাড়ির জন্য আলাদা লগবই ব্যবহার করতে হবে। এ ছাড়া, প্রশিক্ষণার্থীদের মধ্যে প্রকৃতপক্ষে কতজনের জন্য লার্নার লাইসেন্স, ডোপটেস্ট ও পেশাদার লাইসেন্স বাবদ অর্থব্যয় করা হয়েছে, তা রেজিস্টার বহিতে উল্লেখ করতে হবে।
- ৫। প্রশিক্ষণার্থীদের লার্নার লাইসেন্স, ডোপটেস্ট ও পেশাদার লাইসেন্স বাবদ ব্যয় এ প্রকল্প হতে বহন করা হবে। কোনো অবস্থাতেই প্রশিক্ষণার্থীদের নিকট থেকে কোনোরূপ অর্থ আদায় করা যাবে না।-
- ৬। প্রকল্প হতে প্রত্যেক প্রশিক্ষণার্থীর জন্য দৈনিক ১৫০/- (একশত পঞ্চাশ) টাকা হারে ৩০ দিনে মাস হিসাবে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে। তবে কোনো প্রশিক্ষণার্থী অযৌক্তিক কারণে অনুপস্থিত থাকলে তিনি যতদিন অনুপস্থিত থাকবেন সে কয়দিনের ভাতা কর্তন করে অবশিষ্ট দিনসমূহের ভাতা প্রদান করতে হবে।
- ৭। প্রতিটি প্রশিক্ষণ কেন্দ্রসংশ্লিষ্ট জেলার উপপরিচালক প্রশিক্ষণার্থীদের কোর্স শুরুর ৫ (পাঁচ) দিনের মধ্যে লার্নার-লাইসেন্স নিশ্চিত করবেন। একইদিনে একই সময়ে প্রশিক্ষণার্থীদের লার্নার লাইসেন্সের জন্য অনলাইন আবেদনের ব্যবস্থা গ্রহণ করবেন। লার্নার লাইসেন্সের ক্ষেত্রে প্রশিক্ষণার্থীদের স্থায়ী ঠিকানা হবে জাতীয় পরিচয় পত্র (NID) অনুসারে নিজস্ব স্থায়ী ঠিকানা। কিছু বর্তমান ঠিকানা হিসাবে সংশ্লিষ্ট প্রশিক্ষণ কেন্দ্রের ঠিকানা উল্লেখ করতে হবে।
- ৮। ব্যাচওয়াইজ প্রশিক্ষণার্থীদের একটি পূর্ণাঙ্গ তালিকা ই-মেইলে (pdautodriving@gmail.com) প্রেরণ করতে হবে। প্রশিক্ষণ সনদপত্রে প্রশিক্ষণার্থীর নির্ভুল নাম ও এনআইডি কম্পিউটারে প্রিন্টপূর্বক সংশ্লিষ্ট উপপরিচালক স্বাক্ষর করার পর প্রকল্প পরিচালক বরাবর প্রেরণ করতে হবে।

পৃষ্ঠা-১/৩

৯। প্রতিটি প্রশিক্ষণকেন্দ্র সংশ্লিষ্ট যুব প্রশিক্ষণ কেন্দ্রে বিআরটিএ'র সংশ্লিষ্ট কর্মকর্তার জন্য একটি অফিসকক্ষ নিশ্চিত করতে হবে।

উল্লেখ্য, অফিসকক্ষের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র প্রকল্পের কার্যক্রম শুরুর সময়ই সকল কেন্দ্রে সরবরাহ করা হয়েছে।

১০। আউটসোর্সিং পদ্ধতিতে সরবরাহকৃত জনবলের উপস্থিতি সম্পর্কিত প্রত্যয়নপত্র প্রতি মাসের ২৫ থেকে ২৭ তারিখের মধ্যে ই-মেইলে (pdautodriving@gmail.com) প্রেরণ নিশ্চিত করতে হবে।

১১। পার্শ্ববর্তী জেলা থেকে (প্রযোজ্য ক্ষেত্রে) আগত ১৫ জন প্রশিক্ষণার্থীর জন্য যুব প্রশিক্ষণ কেন্দ্রের ডাইনিংয়ে আহ্বানের ব্যবস্থা নিশ্চিত করার নিমিত্ত সংশ্লিষ্ট কো-অর্ডিনেটর/ডেপুটি কো-অর্ডিনেটরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।


১২। অত্র পত্রের সঙ্গে সংযুক্ত প্রশিক্ষণ ক্লাসের শিডিউলটি ওয়ার্কশপের নোটিশ বোর্ড/দেয়ালে প্রশিক্ষণার্থীদের অনুসরণ করার জন্য টানিয়ে দিতে হবে।

১৩। প্রতিটি ক্লাসরুমে সরবরাহকৃত মাল্টিমিডিয়া স্থাপন করে এর কার্যকরতা চালু রাখতে হবে।

১৪। প্রত্যেক প্রশিক্ষণকেন্দ্র সংশ্লিষ্ট জেলাসমূহের প্রশিক্ষণ কার্যক্রম মনিটরিং-এর জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় থেকে সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণকে অনুরোধ করা হয়েছে। সে মোতাবেক জেলা প্রশাসনের প্রতিনিধি/ফোকাল পয়েন্ট-কে মনিটরিং এর কাজে সার্বিক সহযোগিতা প্রদানের জন্য বলা হলো।

১৫। উপরিলিখিত নির্দেশনাসমূহের পাশাপাশি প্রকল্পের আওতায় ১২/০৫/২২ খ্রি. তারিখের ১৫৩ নং স্মারকমূলে জারিকৃত পত্রের নির্দেশনাসমূহ বহাল থাকবে।

সংযুক্তি- ক্লাস শিডিউল ০১ (এক) পাতা।


(মোঃ আজহারুল ইসলাম খান)

মহাপরিচালক (গ্রেড-১)

যুব উন্নয়ন অধিদপ্তর

ফোন : ২২৩৩৮৯৩৮৯

ই-মেইল : dg@dgd.gov.bd

✓ উপপরিচালক/কো-অর্ডিনেটর/ ডেপুটি কো-অর্ডিনেটর
যুব উন্নয়ন অধিদপ্তর,

----- সকল জেলা।

নং- ৩৪.০১.০০০০.০৪৩.০৬.০১৫.২১- ২৪

তারিখ : ২৫/০১/২০২৩ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)।

১। চেয়ারম্যান, পার্বত্য জেলা পরিষদ----- পার্বত্য জেলা।

২। অতিরিক্ত সচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। পরিচালক/প্রকল্প পরিচালক (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

৪। জেলা প্রশাসক (সকল)----- জেলা।

৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

৬। উপসচিব (উন্নয়ন), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৮। জেলা অ্যাকাউন্টস অ্যান্ড ফিন্যান্স অফিসার (সকল) ----- জেলা।

৯। অধ্যক্ষ, কেন্দ্রীয় মানবসম্পদ উন্নয়ন কেন্দ্র, সাভার, ঢাকা।

১০। সহকারী পরিচালক, বিআরটিএ (সকল)-----জেলা।


১১। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

১২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।

দৈনিক প্রশিক্ষণ ক্লাসের শিডিউল

সরকারি অফিস টাইম যাই থাকুক না কেন শুক্রবার ও সরকারি ছুটির দিন বাদে প্রতিদিন সকাল ৯.০০টা থেকে বিকেল ৫.০০ টা পর্যন্ত প্রশিক্ষণ কার্যক্রম চালাতে হবে। দুপুর ১টা-১ :৩০টা পর্যন্ত মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি থাকবে। প্রত্যেক প্রশিক্ষণার্থীকে সমান সুযোগ দিয়ে দৈনিক নিম্নোক্তরূপে তাত্ত্বিক ও ব্যবহারিক ক্লাস এবং যানবাহন চালনার সেশন পরিচালনা করতে হবে;

সময়	ক্লাসের ধরন
সকাল ৯টা – ৯ : ৪৫টা	তাত্ত্বিক ক্লাস (ড্রাইভিং এর ওপর)
সকাল ৯ : ৪৫ টা – ১০ : ৩০ টা	তাত্ত্বিক ক্লাস (মেকানিক্স এর ওপর)
সকাল ১০ : ৩০টা – বিকেল ০৫টা (ড্রাইভিং প্রশিক্ষণ) মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি (দুপুর ০১টা – ১ :৩০ টা)	প্রতিদিন ড্রাইভিংয়ের ওপর ব্যবহারিক ক্লাস শুরু হবে সকাল ১০.৩০ টায়। প্রাথমিকভাবে ২০ জন প্রশিক্ষণার্থী ড্রাইভিং প্রশিক্ষণে অংশগ্রহণ করবে। ড্রাইভিং প্রশিক্ষণে ২০ জন প্রশিক্ষণার্থী দুইজন প্রশিক্ষকের অধীন ১০ জন করে গ্রুপ করে ড্রাইভিং শিখবে। প্রত্যেকে দুটি গাড়িতে মোট ৭+৭ = ১৪ মিনিট করে ড্রাইভিংয়ের সুযোগ পাবে। প্রশিক্ষণার্থী প্রথম দুইজনের একজন অটো গিয়ার গাড়ি ও অন্যজন ম্যানুয়াল গিয়ার গাড়িতে ০৭ মিনিট করে ড্রাইভিং শিখবে। পরবর্তিতে তারা পরস্পর গাড়ি পরিবর্তন করে আরো ০৭ মিনিট করে ড্রাইভিং শিখবে। মোট ১৪ মিনিট ড্রাইভিং ক্লাস শেষ হলে প্রশিক্ষণার্থী দুইজন মেকানিক্সের ব্যবহারিক ক্লাসে যোগ দেবে। এভাবে ২০ জন প্রশিক্ষণার্থী ড্রাইভিং প্রশিক্ষণ শেষ করলে মেকানিক্স থেকে আসা ২০ জনের ড্রাইভিং প্রশিক্ষণ অনুরূপভাবে শুরু হবে।
সকাল ১০ : ৩০টা – বিকেল ৫টা (মেকানিক্স প্রশিক্ষণ) মধ্যাহ্নভোজ ও নামাজের বিরতি (দুপুর ১টা – ১ :৩০ টা)	প্রতিদিন মেকানিক্সের (অটো মেকানিক্স ও অটো ইলেকট্রিক ওয়ার্কস) ওপর ব্যবহারিক ক্লাস শুরু হবে সকাল ১০ :৩০ টায়। প্রাথমিকভাবে ২০ জন প্রশিক্ষণার্থী মেকানিক্স ব্যবহারিক ক্লাসে অংশগ্রহণ করবে। এ ক্লাসে ২০ জন প্রশিক্ষণার্থী দুইজন প্রশিক্ষকের অধীন ১০ জন করে গ্রুপ করে প্রত্যেকে মোট ৭+৭ = ১৪ মিনিট করে ব্যবহারিক ক্লাস করবে। প্রথম দুইজনের ব্যবহারিক ক্লাস শেষ হলে তারা ড্রাইভিংয়ের ক্লাসে যোগ দেবে।


(সাহিদুল আহমেদ)
সহকারী প্রকল্প পরিচালক
যানবাহন চালনা প্রশিক্ষণ প্রকল্প

পৃষ্ঠা-৩/৩